

LAXMI BOOK BINDING &  
DYE PRINTING WORKS  
8, Kambulhatola Lane,  
CALCUTTA-5.

ବେଫାରେଲ୍ (ଆକଣ୍ଠ) ପ୍ରତ୍ତି





Kumbhak totah Boys Read  
১৮৯৪—(১৯১৫) Club.

## সত্যতার পাঞ্জা।

(বড়দিনের পঞ্চক্ষণ  
রেফারেল (আকর) প্রস্তুত

শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ প্রণীত।

---

( ১৮৯৪ সালের বড়দিনে মিনার্ড থিয়েটারে অভিনীত। )

---

প্রকাশক—শ্রীধর্মদাস সুৰ।

৬নং বিড়ন ট্রাট।

---

২মং হরিমোহন বস্তুর লেস নৃতন কলিকাতা-প্রেসে  
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দ্বাৰা মুদ্রিত।

১৩০১।

All rights reserved.)

[ মৃত্য। ১০ চারিধারা দ্বাৰা ]

97-23  
Acc 23898  
28/2/2004

## উৎসর্গ ।

সদদয় যুক্ত—

ଆଜି ଶ୍ରୀଯୁକ୍ତ କୁମାର ଆଶ୍ରତୋମ ରାୟ ବାହାଦୁର

( କାଶିମବାଜାର । )

উନ୍ନତ ବଜେର ଛବି ଦେଖୁନ ।

প୍ରଥମ—

ଶ୍ରୀଧର୍ମଦାସ ପୁର ;

( ଏକାଶକ । )



## সভ্যতার পাতা ।

(পঞ্চম ভাগ ১)

---

### প্রথম দৃশ্য ।

---

সভ্যতার বাটী ।

সভ্যতা । (গীত) —

আমার মুখে হাসি চোখে ফাঁশি ভূবনমোহিনী ।

মাদকতা প্রবণনা চিরসঙ্গিনী ॥

অনাচার আমার কঠহার,

দাসী হ'য়ে চরণ সেৰা করে ব্যভিচার,

আমি মধুমাখা কথা কয়ে আগে ডোলাই কামিনী ॥

হৃদাসনে সষ্ঠনে পুজি অহকার,

সে যে প্রাণপতি আমার,

আমার হৃদয় রতন, যতনের ধন, জোর করি ত তার,

আমি তার গরবে গরবিনী আদরে আদরিনী ॥

পুরাতন বর্ধের অবেশ ।

সভ্যতা ! শুড়মর্হিং ওল্ড ইয়ার ! মিউ ইয়ার কে হবে কিছু  
ঠিক কৱলে ?

পু-বৰ্ষ। আজ্জে আপনি দেখে শুনে নিন, মনের মত তো  
কাকুকে ঠেকে না, মহাঞ্চা নববই সাল, একানবই,  
বিবানবই, তিবানবই সাল যে সকল বঙ্গের উন্নতি সাধন  
করে গিয়েছেন তার ত আর তুলনাই হয় না । বিধৰা-  
বিবাহ, স্তৰী-স্বাধীনতা, বালা-বিবাহ রহিত, কন্সেট-  
আস্ট প্রত্তি মহা মহা কৌর্ত্তি স্থাপন করে গিয়েছেন ;  
আমি যথসাধ্য চেষ্টা করে রোদ, বৃষ্টি, হিম সয়ে, সে সকল  
কীর্তি যে বজায় রাখ্যে পেরেছি, আজও যে আপনার  
নামে কলঙ্ক অর্পণ করিনি, এইতেই আপনাকে ধৰ্যবাদ  
দি । কাজে আনতে পারি বা না পারি, হিছুর ডাইভোর্স  
অ্যাস্ট সমস্কে কথা উপাপন করেছি ।

সভ্যতা ! না তুমি খুব উপযুক্ত ! খুব উপযুক্ত !

পু-বৰ্ষ। এখন আমার দারুণ চিহ্ন হয়েছে কে যে পঁচানবই  
সালৰ গ্রহণ কৱবে, তা কিছু ঠিক কর্তে পারছিমে,  
দেখ্ছি সব ছেলেমাহুষ, এ হিন্দু ডাইভোর্স-অ্যাস্ট  
যে চলিত কৱতে পারবে এমন ত আমার ঠেকে না ।

সভ্যতা ! স্থান তুমি ভেব না, এই তুমি তো ছেলেমাহুষ ছিলে  
তোমায় আমার সম্মান কে শেখালো ! আমারি তো  
গৃহচৰীরা, প্রবৰ্ধনা, মাদকতা, অনাচার, ব্যতিচার,  
এরাইতো তোমায় শিখিয়ে পড়িয়ে মাহুষ কৱেছে ?  
ওরির তেতুর একটা সেৱানা সট ছোঁড়া দেখে নাও ।

পুর্ব। একটা ছেঁড়া নিতান্ত মন্দ নয়, সে যা ক'ব্বি বলছে  
যদি পারে, ছেঁড়াটা নাম বেথে থাবে, কিন্তু তার  
কথায় বিশ্বাস হচ্ছে না। সে সব ফটোগ্রাফ এনেছে  
চমৎকার চমৎকার, বলছে সে এই সব পারবে।

সত্যতা। তুমি এ সব অবিশ্বাস ক'র না। তোমার পূর্ব  
পূর্ব মহাদেবী কি কাজ না করে গেছেন, আর  
তুমিইবা কি না করলে? একি কেউ সম্ভব ভেবেছিল,  
হিঁতে মুরগী থাবে? বাস্তু খৃষ্টান হবে? কুলের  
বধু মেম সেজে হাওয়া থাবে, পূজায় সাহেবের থানা  
হবে, বাপ ব্যাটায় গার্ডণ পার্টি করবে, বেঞ্চার মক্ষে  
শ্রীর আলাপ করে দেবে, বাপ মাকে পৃথক করবে?  
তুমি তো সব জান, তোমায় আর কি বলবো! আর ধর  
না, তুমিই যখন ফটোগ্রাফ দেখিয়েছিলে, তিরানবই সাল  
কি না বলেছিল? যে “ও ছেলে মারুষ পেরে উঠ'বে না।”  
তুমি হিন্দু ডাইভোস অ্যাক্ট কলনা করলে, আর যারবাড়া  
নাই, রামায়ণ মহাভারতকে অঙ্গীল প্রমাণ করলে।

পুর্ব। তা পারে ভাল। দেখুন ঐ আসছে, আমি বৃক্ষ  
হয়েছি, শীতে আর দাঢ়াতে পারছিনে, এই কটাদিন  
কাজ করছি, পঞ্চাশ থেকে আমার ছুটি দেবেন।

সত্যতা। অবিশ্বি! কাঙ্গার্ডে তোমার জন্ত যশের মন্দির হয়েছে,  
পেন্দেন নিয়ে সেখানে গে বিয়াম ক'রো। তবে যদি  
কখন কোন নৃতন বৎসরে তোমার কীভিত্তির কোন সঙ্গীর  
দ্বরকার হয়, তা এক একবার এসে সাক্ষী দিবে যেও।

পুর্ব। তা আমার সাক্ষী দিতে আসতে হবে না, যাবাড়ি

থেকে কুটির পর্যন্ত আমার নজীর পড়ে আছে, আমার  
শীল মোহর করা। তা অস্থিতি হয় তো আদি।

সভ্যতা। দ্যাখ, এই কৃষ্ণমাস আসছে, এই কীর্তি রেখে  
যাবার দিন, এ সময় আলিদ্য ক'রনা।

পু-বৰ্ষ। হাঁ, তা কি হয়!

সভ্যতা। গুড় ডে।

[পুরাতন বর্দের প্রহান।

(নৃতন বর্দের প্রবেশ।)

নব-বৰ্ষ। শুভমণিৎ লেডি!

সভ্যতা। তুমি কি নৃতন সাল হ্বার প্রার্থনা কর?

নব-বৰ্ষ। ইয়েস, শ্রবণ, নিশ্চয়, জুরুর! আমার এই চারথানা  
ফটোগ্রাফ দেখুন। এমনি কাজ ক'রে ঘশের মলিনে গে  
শোব ইচ্ছে ক'রেছি। এর সজীব ছবি আমার আছে,  
দেখতে চান দেখবেন আমুন।

সভ্যতা। এ সব তুমি পারবে?

নব-বৰ্ষ। আজে হাঁ। না পারি, কাজ দেবেন না। চুরানবই  
আমায় বিখ্যাস করছেন না, আচ্ছা উনি দেখুন, ওঁর  
চক্ষের উপর দেখাই। আমি নাম চাই নি, এই কৃষ্ণমাসেতে  
ওঁর কদুর মুখ উজ্জল করি।

সভ্যতা। আচ্ছা তুমি কাজ আরম্ভ কর। এক একটা কাজ  
করে, আমায় ধৰ দিও, আমি দেখে নেবো। ধাও  
কাজে যাও।

নব-বৰ্ষ। যে আজ্ঞে!

[সভ্যতা ও নব বর্দের প্রহান।

## বিতীয় দৃশ্য ।

চৌরঙ্গীর রাস্তা ।—( বেঙ্গলকাবের সম্মুখ )

( এক জন বিড়গেল ও ছয়জন হাঁওবিল লইয়া প্রবেশ । )

বিউ-বাদক । কুম্ভামের দিন সাতপুকুরে বরের নীলেম হবে ।  
যে যেমন চাও তেমি পাবে, এই হাঁওবিল নিন, আর গান  
শুনুন নেচে গাই ।

গীত ।

হবে শুতন নীলেমে, শুতন বরের আমদানী ।  
হর রকম বর পাওয়া যাবে, বুড় যুব বাচ্কানী ॥

বিকুবে হায়েষ্টবিডারে,  
ক্যাসপ্রাইসে পাবেনা ধারে,  
পসুসী ফেল, হাত ধরে নাও পছন্দ ঘারে,  
হররকম প্যাটেনের গড়ন, বে প্যাটেন নাই একখানি ॥

আড়ংছাঁটা, টেরিকাটা কিট,  
ফ্যাসানেবল ড্রেসকরা নিট,  
সব্য সব্য ত্রেক কলা চিট,  
হবে না সিক্ক অর সঁজি, আকুলে হিঁত চাকুমী ॥

( হাওবিলওয়ালার হাওবিল পাঠ । )

১ম হাও ! নিউ অক্সন ! নিউ অক্সন !! নিউ অক্সন !!!

সেভেন্ ট্যাঙ্কস্ ভিলা !

এক্স মাস্ ডে—টোইণ্টী ফিফ্ত্ ডিসেম্বৰ,  
এইট্রীন্ নাইণ্টী ফোর,

টু বি সোল্ড টু দি হায়েষ্ট বিডার,

ফার্ট্র্যাস ব্রাইড গ্রুম্স !

ওয়েল ড্রেষ্ট, সিভিলাইজ্ড-ডোসাইল, এগু টেম !

কাম্ শয়ান্ এগু অল্ !

নৃতন নীলেম ! নৃতন নীলেম !! নৃতন নীলেম !!!

সাতপুকুর বাগানে ।

বড় দিন ২৫শে ডিসেম্বৰ, ১৮৯৪ সাল ।

হায়েষ্ট বিডারে বিক্রি !

অথম শ্রেণীর ভাল বর ! ভাল পোষাক ।

সভ্য—নিম্ন—পোষমানা !

এস একজন ও সকলে !

[ সকলের অহাম ।

## তৃতীয় দৃশ্য।

### ভবতারিণীর বাটী।

(ভবতারিণী ও বিশেখরীর প্রবেশ।)

তব। এস এস, অনেক দিনের পর দেখা হ'ল। পাঁচ  
ঝঁঝাটে আর হাওয়া থেতে যেতে পারিনি, ঘাথাও হয়  
না, তবে কি মনে করে ?

বিশে। ভাই, নেমস্তুর কর্তৃ এসেছি।

তব। কি, পাঁট টাঁট কি কিছু আছে নাকি ?

বিশে। না, তা নয়, কথা যাত্রের।

তব। বে কার ?

বিশে। কেন, কিছু শোন নি ? বক্ত্বাও পড়নি ? এড়-  
তারটাইজ্যেট ও দেখনি ?

তব। আর ভাই, পাঁচ ঝঁঝাটে কি আর কিছু দেখতে শুনতে  
পাই ! হাওয়া থেতে তো যেতে পারিই নি, একদিন যে  
জিম্মাসিয়েমে যাব, তা ও হয়ে উঠে না। কার বে ?

বিশে। আমার।

তব। বটে বটে, ইস ভাই তো !

বিশে। তোমার ভাই যেতেই হবে।

তব। ভাই, ভাইতো ভাবছি !

বিশে। না, ও ভাবছি মা।

তব। আমার কি ভাই অসাধ ? আধি তোমার কোনু বে কে  
কুকুরাজী বাই নি বল ? অধুকার বেতে বাসু

জাগি, দ্বিতীয় বে তে তেরাটির ছিলুম, যদি না ঝঝাটে  
পড়তুম, তুমি জোড়ে ফিরে আসা অবধি তোমাদের  
বাড়িতে থাক্কুন। তুমি কি ভাই আমার পর?  
বিশ্বে। এত ঝঝাটুটা কিসের বল দেখি?

ভব। মে কথা আর তোমায় কি বলবো বল! এই ভোরে  
ওঠা, টিখ বৃক্ষ দিয়ে দাঁত মাজা, গোষগুণানায় যাওয়া,  
ছোট হাজুরে বড় হাজুরে থাওয়া—কর্তার সঙ্গে বসে থেতে  
হয়, কর্তা একলা থাবনা—চীফিন, ডিনার, তিনবার ড্রেস  
করা, তারপর মেঝেকে বৌকে পড়ান।

বিশ্বে। কেমন শিখে কেমন?

ভব। মেরে আমার পেটের, বিষে পাস করেছে। রাইটীং,  
বক্সীং, জিম্ন্যাস্টিক পর্যন্ত শিখেছে। তবে বৌটা  
মাঝুষ হলনা। আমি বারণ করেছিলুম যে ছোট ধরের  
মেয়ে এন না, কর্তা শুনলে না। মে সেই আইবুটীর মত  
ঘোম্টা দেবে, ছেলের সঙ্গে বেড়াতে যাবেনা, ঘোড়া  
চড়বে না, গাউম পরবে না, ছুঁত ইংরেজি পড়বে না।  
বিশ্বে। তবে তো বউ টা বয়ে গেল।

ভব। তা গেল বই কি! আনুক ছিটিধুর বিলেত খেকে  
আনুক, বলছে মেম্ বে করে আসবে। তদ্দিনে ডাই-  
ভোস' অ্যাস্টো পাস হবে, উল্লিঙ্গ মধ্যে দেখে শুনে বৌ-  
টার একটা বে দেব।

বিশ্বে। দেখ, ঘর ঘরক঳ার কাজ কর্তৃতো আহেই, কাল এক  
বার সুযুক্ত করে ঝঞ্চনুষ্ঠির সময় গিয়ে দাঢ়িও।

ভব। ভাই একটু সুযুক্ত নেই, কাল কর্তৃপক্ষ আছ।

বিশে। সে কি? আসবের সময় তো দেখলুম তিনি গাঢ়িতে  
উঠছেন।

ভব। ইঁ, ডেগ্ৰেজেষ্টী কৰ্ত্তে গেল।

বিশে। বটে! তোমার কি বে দেবেন?

ভব। না, তা না। কি জান, ছিটধৰ পৰশু মেলে বিলেত যাবে,  
ষেমেড়াগিয়াৰী শিখবে! কাজটা বড় শক্ত, ব্যারিষ্টাৰী  
ডাক্তাৰী নয়, যে তু এক বছৱে হবে; এমে ষেমেড়াৰ  
আকিস থুলবে। সেখানে অস্তু বছৱ দশেক শিখতে  
হবে, আ্যালিনে কৰ্ত্তাৰ ভাল মন্দ হোক, শেষ কি ব্যাটা  
থাকতে ব্যাড়া আগুনে পুড়বে, না জাতে শ্রান্ক কৰবে?  
তাই পুৰুৎ ঠাকুৰ পৰামৰ্শ দিয়েছেন, আজ ছিটধৰ মুখ-  
অগ্নি কৰে কাচা নিয়ে থাকবে, কাল সকালে শ্রান্ক  
কৰে, পৰশু মেলে উঠবে!

বিশে। বটে? তবে ভাই আৰ তোমায় কি বলবো!

ভব। তোমারো বে শুনছি, তোমাইই বা কি বলবো! তা নৈলে  
একবাৰ শ্রান্ক টাক দেখে যেতে। তা সকাল সকাল স্তো  
বে চুকে যাবে, একবাৰ তোমার নিউডিয়াৰকে নিকে  
ওদিকে আসতে পাৰবে না?

বিশে। দেখি কচুৰ হয় বলতে পাৰিবি।

ভব। ইঁ, ভাল কথা মনে হলো, কৰ্ত্তা কেশু রেজেষ্টী কৰে এলেই  
আমাৰ কীভৱতে হবে; কখনোও যাবী যাবেলি, কি  
কৰে কীভৱতে হয় আনিলি, অসজ কৰাক কীভৱতে  
পাইবেনোঁ।

বিশে। ও সোজা। আমাৰ যাবী থাকতে, কথাক একটু

অডিকলোম দিয়ে মুখে দিলুম, অডিকলমের ঝাঁজে চোক্  
দে জল পড়তে লাগলো, আর ফৌপাতে লাগলুম।

তব। থাক্স্ট ইট ! বড় বাধিত হলেম !

বিশে। তবে ভাই এখন চলুম। আমার দাঢ়ার জ্বা নেই,  
এখনি ক'নে দেখতে আসবে।

তব। একটু দাঢ়াও, আর একটা পরামর্শ জিজ্ঞাসা করি। কর্তা  
ব'লছে যে মরণ বাচনের কথা তো কিছু বলা যায় না,  
এক সঙ্গে মৃত্যু অশ্বিটা করে বাধবে।

বিশে। তা মুখো অগ্নি কর কৰবে, খবরদার শ্রান্তী কর্তে  
দিওনা।

তব। কেন বল দেখি, কেন বল দেখি ?

বিশে। না, আর একটা বে আগে হোক।

তব। তেমন কি কপাল দিদি, তেমন কি কপাল ! কর্তা কি  
আর সত্ত্ব সত্ত্ব সরতে পারতো না, তা কৈ রাজি  
হয় কৈ ! ছটো বে আমার নরাতে নেই আমি  
বুঝেছি।

বিশে। কেন, কর্তা র প্রাক্ত হলেই তুমি বে করতে পারবে, আইনে  
বাধবে না।

তব। ভা তুমি বে থা করে এসো, এ পোল্মাল শুল চুকে যাক,  
স্তারপর থা হয় পরামর্শ করবো !

বিশে। তবে আসি ?

তব। এস দিদি এস !

[ বিশেখরীর প্রাহ্লান ।

এই যে কর্তা আসছেন !

(নীলাকান্তের প্রবেশ।)

কি গো ! এত দেরি ?

নীল। কি করবো বল, রেজেষ্টার ব্যাটা আহাম্বক কোন রকমেই রেজেষ্ট কর্তে চায় না। আর সে ব্যাটার যে কথা, কে মরেছে, কি সে মলো, ব্যাটা যখন চোটপাট শুন্লে তখন থ হয়ে রৈল।

ভব। তুমি কি বলো, তুমি কি বলো ?

নীল। বলোম, আমি মরেছি, চুরট খেয়ে।

ভব। তা এইতে এত দেরি ?

নীল। না, আর পাঁচজন বঙ্গবন্ধনকে নেমস্তন করে এন্দুম, ছিটধর বলেছে, শান্তির পর গাড়ৈন পাঠি হবে।

ভব। বল কি ! তবে আমারো তো ছ পাঁচ জন বঙ্গ বান্ধবকে বল্তে হবে, আমি এই বেলা বেরিয়ে পড়ি।

নীল। দাঢ়াও, পুরুষ ঠাকুর আস্তন, তিনি বলেছেন তোমার মুখঅগ্নির পর তোমার শান্ত বঙ্গ থাকবেনা।

ভব। তুমি কি আমারও ডেখ রেজেষ্ট করে এসেছ নাকি ?

নীল। করলুম বৈ কি ! এবাবে বড় রেজেষ্টার ব্যাটা জন্ম হ'ল। মুদ্ফরাশকে কিছু দিয়ে, একটা কলেজের মুদ্রা দেখিয়ে বঙ্গম এই আমার জ্ঞী।

ভব। ছিঃ তুমি বড় অসভ্য ! আমি চলুম, আমি কাটিয়ে আপি গে, আমি কি ওম্বনি অসভ্য মরণ মরবো ?

নীল। তুমি আমার তেমনিই পেলে বটে ! দেখে এস গে এখনো লাস জলে নি, আগে গাউন প'রিয়ে তবে লাস দেখিয়েছি।

ତବ । ତାଇ ତୋ ବଲି, ତାଇତୋ ବଲି, ତୁମି କି ଏମନ ଅସଭ୍ୟ  
କାଙ୍କଟା କରବେ !

( ପୁରୋହିତେର ପ୍ରବେଶ )

ପୁରୋ । କି ଗୋ ! ତୁମି ଆବାର କି ଅମତ କରଛୋ ? ମୁଖ-  
ଅଗ୍ନିର ପର କି ଶାନ୍ତ ବନ୍ଧୁଥାକେ ? ଶାନ୍ତ କର୍ତ୍ତେଇ ହବେ ।

ତବ । ତୀ ଯା ଭାଲ ବୋଧେନ, କିନ୍ତୁ ଆମାର ଏକଜନ ବନ୍ଧୁର ବଡ଼  
ଅମତ, ମେ ବଲେ ଆର ଏକଟା ବେର ପର ତବେ ତୋମାର  
ଶାନ୍ତ କ'ରୋ ।

ପୁରୋ । ତା, ଶାନ୍ତେର ପରଓ ବେ ଚଲିବେ ।

ତବ । ତାହ'ଲେ ଆର ଆମାର ଆପନ୍ତି ମେଇ ।

ପୁରୋ । ତା ଏମ, ଛିଟିଧର ଆସୁଛେ, ମୁଖଅଗ୍ନିଟେ ଏଥନ ମେରେ  
ଯାଇ । ଭାବଛି ଆଜ ରାତ୍ରେଇ ଶାନ୍ତଟା ମାରବୋ । କାଳ  
ଆବାର ଏକଟା ବେ ଦିତେ ହବେ ।

( ଛିଟିଧରେର ପ୍ରବେଶ । )

ଛିଟି । ବାବା ! ବାବା ! ପ୍ରୟାମେଜ୍ ଏନ୍ଗେଜ କରେ ଏଲ୍‌ମ୍ ।

ତବ । ପୂର୍ବ ଠାକୁର ବଲ୍ଲଚେନ ଆଜି ତୋମାୟ ଶାନ୍ତଟା ମାରତେ  
ହବେ ।

ଛିଟି । ବେମ କଥା, କାଙ୍କଟା ମେରେ ରାଖାଇ ଭାଲ । ପାଚ ଜନ  
ବନ୍ଧୁ ବାନ୍ଧବେର ମଞ୍ଜେ ଦେଖା କରବାର କାଳ ଫୁରମ୍ବୁଣ୍ଡ ପାବ ।

ପୁରୋ । ତବେ ମୁଖଅଗ୍ନି କରବେ ଏମ ।

ଛିଟି । ଏହ ଧାନେଇ ହୋକୁନା, ଆମାର ଟେଁଷେ ଲୁମିଫାର ମ୍ୟାଚ  
ଆଛେ ।

পুরো। তবে দুটি আলো, দুজনের মুখে দাও।

( ছিটধরের তথা করণ )

তবে কাচা গলায় দিয়ে বাইরে এস।

ছিটি। আর কাচা গলায় দিতে হবে না, আমার ঠেঁয়ে কালো  
ফিতে আছে।

পুরো। ওঃ ! “উঢ়োগী পুরুষো সিংহ” এমন নৈলে ব্যাটা ?

তবে বাইরে এস, শ্রান্কটা সেরে যাই। তোমাদের আর  
কি, মুখঅঘি হোঁয়ে গিয়েছে, যে যার কাজে যাও।

ব্রাহ্মণ ভোজনের উজ্জুগ করগে।

[ পুরোহিত ও ছিটধরের অস্থান ]

নীল। গিপ্পি একটা কথা ভাবছি।

তব। আমিও ভাবছি।

নীল। কি বল দেখি ?

তব। তুমি বল দেখি ?

নীল। ভাবছি ফ্যান্সি বাজারে যাব।

তব। ভাবছি বরের নীলেমে যাব।

নীল। বরের নিলেমে যাবে কি কতে ?

তব। তুমি ফ্যান্সি বাজারে যাবে কি কতে ?

নীল। তুমি কি বল কিনবে ?

তব। হঁ। তুমি কি কলে কিনবে ?

নীল। হঁ।

তব। বেশ কথা

নীল। বেশ কথা। তবে এস দুজনে কাঁদি।

তব। নাও এটা প্রাসবন হোকার জাহান।

নীল। হোয়েছে ?

তব। অনেকক্ষণ। আমি চোখের কুমাল খুলেছি।

নীল। আবার কি ভাবছো ?

তব। ভাবছি, আইনে বাধবে কি না।

নীল। না বাধবে না, ডেখ রেজেঞ্জি হোয়ে গিয়েছে।

তব। ঠিক !—গুড় বাম।

[উভয়ের শেক্ষণাও ও প্রহান।

### চতুর্থ দৃশ্য।

শঙ্কুকোটহাউস ট্রুটি ব। লালদিঘীর ধারের রাস্তা।

কুমাঙ্গনাগণ— গীত।

ফ্যান্সি হোয়েছে যাব ফ্যান্সি বাজারে।

ফ্যান্সি ধাঁজে, ফ্যান্সি কাজে, ফ্যান্সি বাহারে॥

ফ্যান্সি আছে যার,

দেখ্তে যাবে সে ফ্যান্সি বাজার,

ফ্যান্সি দরে কিনে নেবে ফ্যান্সি ঝুলের হার,

ফ্যান্সি কার্পেটের জুত দেব ফ্যান্সি হয় যারে॥

ফ্যান্সি হেসে কেউ যদি সহ ফ্যান্সি কথা করে,

ফ্যান্সি চোকে দেখ্বো চেয়ে ফ্যান্সি যাবি হয়ে॥

ফ্যান্সি নেলে নয়,  
ফ্যান্সি আগে সয় কি শো সই,  
যে না ফ্যান্সির ধার ধারে ॥

### পঞ্চম দৃশ্য

#### বিবাহের সভা ।

(সর্বৈধ, শৌভূগণ ও দিমুর প্রবেশ ।)

সর্বে । মশায়, নশিরাম বাবুর মাতৃল ?

শঙ্গী । আজ্জে ইঠা, আর ইনি আমার বক্ষ ।

দিমু । ইনি ব'ললেন চল কঢ়ে দেখে আসি, এলেম সঙ্গে ।

পাত্রীটা আপনার কে মশাই ?

সর্বে । আজ্জে, আমার পরিবার ।

শঙ্গী । ওহে, কি বলে কি ?

দিমু । আরে, কথার ভাব বোঝনা, ভজলোকের সঙ্গে কথা  
কইতে দাও ! উনি বলছেন, আমার পরিবারহ ! তবে  
বুঝি পাত্রীটির পিতা নাই ?

সর্বে । আজ্জে না, তিনি আস্ত তিথি সংস্কৃত প্রলোকে গবল  
করেছেন ।

শঙ্গী । ওহে, কি বলে কি এ ?

দিমু । ভূমি বৈষাহিক, তোরাই সঙ্গে পরিবার ক'রে ।

ଆମରା ଓ ସବ ବୁଝି । ମଶାଇ, ଏ ସବ ଆଯୋଜନ କି  
ଦେଖିତେ ପାଞ୍ଚି ?

ମର୍କେ । ଆଜେ, ନାନ୍ଦିମୁଖେର ଆଯୋଜନ ।

ଦିନୁ । ଦେଖ ଶ୍ରୀଭୂଷଣ, ଆମି ବୁଝିତେ ପେରେଛି, ଇନିହି ତୋମାର  
ବୈବାହିକ । ଲୋକଟା ଦେଖିଛି ସୁରମିକ, ତୋମାର ମଙ୍ଗେ  
ପରିହାସ କ'ଛେ ।

ମର୍କେ । ଆପଣି କି ବଲ୍ଛେନ ମଶାଇ ? ପରିହାସ କ'ର୍ଛି କି ?  
ନଶିରାମ ବାବୁ ଆପନାଦେର କିଛୁ ବଲେନ୍ ନି ?

ଦିନୁ । ନଶିରାମ ଆମାଦେର କଣ୍ଠା ଦେଖିତେ ପାଠିଯେଛେ । ତା ଯାକ୍,  
ଓ ସବ କଥା ଯାକ୍, କଞ୍ଚାଟିର ପରିଚୟ କି ମଶାଇ ?

ମର୍କେ । ପରିଚୟ ଅତି ଆଶର୍ଯ୍ୟ ! ଇନି ବିଳାବନ ବିଶ୍ଵାସେର କଞ୍ଚା,  
ତିରିଶ ବଚରେ ବିଧିବା ହନ, ଆଜ ଦଶ ବ୍ୟସର ଆମାର ଅଶ-  
ସିନ୍ନୀ, ଆଜ ଶୁଭଦିନେ ନଶିରାମ ବାବୁର ହତେ ଅର୍ପଣ  
କରିବୋ ।

ଶଶୀ । ଓହେ ଦିନୁ ! ବଲେ କି ?

ଦିନୁ । ମନ୍ତ୍ରରା କ'ଛେ ! ମନ୍ତ୍ରରା କ'ଛେ ! ବୋଧ ହସ ପାତ୍ରୀଟ  
ଏର ଶାଲୀ ଟାଲି ହବେ ! ତା ବେଶ ମଶାଇ ପାତ୍ରୀଟ ଆହୁନ ।

ମର୍କେ । ତିନି ଆସିଛେ ।

( ବିଶେଷରୀ ଓ କୁମୁଦିନୀର ପ୍ରବେଶ )

ଉଭୟଙ୍କର ଗୀତ ।

ହୋଜ୍ ପକ୍ଷେର ଭାତାର ଇଟି ଚମରକାର ।

ଆମାର ହାଫ୍ ସେସାର, ଆର ହାଫ୍ ସେସାର ପ୍ରେସେଚେ  
ଏହି ମାଇଡ଼ିଆର ମିସ୍ଟାର ॥

এমি ভাতার পেলে পরে পর,  
বছোর বছোর সাজ্বো কণে, পাৰ নতুন বৱৰ,  
গুণেৱ নিধি ভাতার খুব জ্বোৱ,  
এমন মূৰুৰি ভাতার আৱ কি আছে কাৱ ।  
ভাতারেৱ শুধ্বো কিসে ধাৱ ॥

দিনু । দেখছো দেখছো, বলেছিলেম এঁৱা সব স্বৰসিক লোক ।  
এ হৃষী কি নৰ্তকী ?

সৰ্বে । কি ! এঁৱা আমাৱ পৱিবাৱ ।

দিনু । তা বটে ।

শশী । ও দিনু ! আজ বিভাট দেখছি ।

দিনু । আঃ ছিঃ ! তুমি মন্ত্ৰী বোৱ না ?

সৰ্বে । বড় ডিয়াৱ !

বিষ্ণু । হাফডিয়াৱ !

সৰ্বে । ইনি তোমাৱ মামাখণ্ড, এঁৱ সঙ্গে সেকহ্যাণ্ড কৱ-

বিষ্ণু । শুড়মণিৎ ! আৱ হাফডিয়াৱ ইনি কে ?

সৰ্বে । উনি শুৱ বক্ষু ।

কুমু । সিস্টাৱ ডিয়াৱ !

বিষ্ণু । সিস্টাৱ ডিয়াৱ !

( উভয়েৱ আশিষন )

শশী । ওহে দিনু চলো, বড় বিভাট !

দিনু । দীড়াও দীড়াও অভিনয়টা মেধি । এহৃষী কি থিৱেটাই  
থেকে আনা হয়েছে ?

ସର୍ବେ । କି ! ଆମାର ପରିବାରେର ସାମନେ ଅଳ୍ପିଲ କଥା ଆପଣି  
ଉଚ୍ଛାରଣ କରେନ ?

ଶଶୀ । କେନ ମଶାଇ ଥିଯେଟାର କି ଅଳ୍ପିଲ କଥା ହଲୋ ?

ସର୍ବେ । ଖୁବ ଅଳ୍ପିଲ ! ଆପଣି ସଦି ନମିରାମ ବାବୁର ମାତୁଲ ନା  
ହତେନ ତୋ ଟେରଟା ଗେତେନ ।

ଦିଲ୍ଲି । ଶଶୀ ବୁଝିଲେ, ଏଓ ଏକଟା ଅୟାଷ୍ଟାର ।

ସର୍ବେ । ମଶାଇ ବଡ଼ ଶକ୍ତ ଶକ୍ତ ବଲ୍ଲଛନ ଆମାଯ ।

ଦିଲ୍ଲି । ନା ବାପୁ ନା, ନାଚ ଗାଓନା କି କରିବେ କର । ରେଗୋ  
ବାଛାରା ତୋମରା ଅଭିନୟ ସୁରୁ କର ।

ସର୍ବେ । ବଡ଼ ଡିଆର ! ଆମି ଏ ଉଜ୍ଜ୍ଵଳେର କଥାଯେ ଖୁବ ରାଗ୍ଛି ।

ବିଶେ । ରେଗୋ ନା ପ୍ରାଗନାଥ, ରେଗୋ ନା ।

ସର୍ବେ । ଆଜ୍ଞା ରାଗବୋନା, ଆମି ଗମ୍ଭେରେ ବସି ।

ଦିଲ୍ଲି । ହା ବାଛା ତୋମାଦେର ପାଲାଟା କି ?

ବିଶେ । ବିବାହ ପାଲା ।

ଶଶୀ । ଓହେ ପାଲାଇ ଚଲୋ । ବୁଝିଛୋନା ଏହି ବେଟାଇ କଣେ ।

ବିଶେ । ପାଲାବେନ କେନ ? ସଦି ଅମୁଗ୍ରହ କରେ ଏସେହେନ, ସେ  
ଦିଯେଇ ଘରେ ନିଯେ ଚଲୁନ ।

(ନେପଥ୍ୟେ ଝକ୍ଯାତାନ ବାଦନ ।)

ସର୍ବେ । ବଡ଼ ଡିଆର ! ବୁଝି ତୋମାର ବର ଆସିଛେନ ।

କୁମୁ । ଉଲୁ—ଉଲୁ—ଉଲୁ—ଉଲୁ—

ଦିଲ୍ଲି । ଇଃଗା ଏଁର ଏ ବେଶ କେନ ?

ସର୍ବେ । ଉନି ସୌଭାଗ୍ୟ ଚଢ଼ିତେ ଯାବେନ ।

ଦିଲ୍ଲି । ଇନି କି ମାର୍କାସ କରେନ ?

ସର୍ବେ । ଛୋଟ ଡିଆର ! ଖୁବ ରାଗ୍ଛି ।

কুমু । তুমি ভাবি ষ্টুপিড তাই রাগছো । আমিতো সার্কাস  
করবোই, তবে সিম্টার ডিওয়ারের বে, এই জগ্নেই  
এতক্ষণ বাড়িতে আছি ।

(নসের প্রবেশ ।)

শশী । ও দিমু ! এ যে আবাগের ব্যাটা নসে হে !

দিমু । বাঃ বাঃ ! বড় ঠিক মেজেছে !

শশী । আরে মেজেছে কি ? সেই আবাগের বেটা দেখচ না ?  
নসে । হাজরা মশায় ! কনে তো দেখিবেছেন, শিগ্গির সম্প-  
দান করুন ।

দিমু । ওহে শশী ! আমি কিছু বুঝতে পাইচি নে ।

শশী । আর বুঝবে কি, আমার শুষ্ঠির পিণ্ডি ! খ'বেটা এ  
বুঢ়ীকে বিয়ে ক'বে তবে ছাড়বে ! ও আবাগের বেটা ।  
তুই এই মাগীকে বিয়ে কৰবি নাকি ?

নসে । মামা তার আর সন্দেহ রাখ ?

দিমু । ও বাবু ও হাজরা মশায় ! এখন আমি সব বুবেছি । তুমি  
বড় মাগটীর বে দেবে ? আর ছেটটির ?

কুমু । আমি বরের নীলেম থেকে একটা দেখে শুনে নিয়ে  
আসবো ।

দিমু । ও বাছা এদিকে এসতো, এদিকে এসতো ! বরের  
নীলেমটা কি শুনি ?

নসে । দেখতে যাবেন, আপনাকে টিকিট দেবো ।

শশী । ঐ নসে বেটা নীলেম করেছে । আমি বলি কিম্বে  
নীলেম !

দিমু । তবে চল আবি কি, ছড়োক্ষ হ'লো !

নদে। মামা যেওনা যেওনা, আর বেশী দেরি নাই, উনি  
৫ মিনিটের ভেতর নান্দমুখ সেরেই কল্পা সম্পদান কর-  
বেন। এই যে পুরুৎ মশাই এয়েচেন।

( পুরোহিতের প্রবেশ। )

দিমু। মশাই বুঝি এই বিবাহের পুরোহিত ?

পুরো। কেন, আপত্য কি ?

দিমু। এ রকম বিবাহ আর কটি দিয়েছেন ?

পুরো। আপনি আমার সঙ্গে ব্যক্তি করছেন ? আমার  
চেমেন্ না, আমি স্থৱিরস্ত, ন্তুন স্থৱি ক'রেছি তাতে  
সম্পূর্ণ ব্যবস্থা আছে যে, কল্পা সম্পদান করতে পারে এক  
বাপ, আর স্বামী।

নদে। মামা, মামা, ইনি বড় উচ্চদরের পণ্ডিত, ইনি বড় উচ্চ-  
দরের পণ্ডিত, এই সঙ্গে তামাসা না।

দিমু। তবে পুরোহিত মশায় ! স্বামী কল্পাকর্তা হ'লে বরের  
সঙ্গে কি স্বাদ হবে ?

পুরো। অতি আশ্চর্য সমস্ক ! একপ সমস্ক কেউ কখন  
শোনেনি, ভায়রাভাই শঙ্গুর !

দিমু। পুরুৎ মশাই ! আপনি বেঁচে থাকবেন তো ?

শশী। এয়া কেউ মৰবে না ! কেউ মৰবে না ! তা  
তুমি দেখো !

পুরো। তুমিতো দেখ্চি খুব মেধাবী ! তুমি একটা কাঙ্ক কর,  
আমার ব্রাঙ্কশীকে বিবাহ কর। তুমিও অমরত পাবে,  
দেশে দেশে যশ করবে। এ সব ন্তুন কারখানা, কোন  
দেশে নাই।

দিল্লি। এইটি ভট্টাচ্ছিয় মশাই ঠিক বলেছেন ! হিন্দু মুসলমানে,  
গ্রীষ্মানে এ আইন নাই !

পুরো। এই হিন্দুর ভেতর চলন ক'লেম আমি।

শশী। ওহে চল চল !

দিল্লি। আরে দাঁড়াও, তোমরা মামা ভাগ্মেতে ক'নে ঝোটালে,  
আমার অচৃষ্টে কি হয় দেখি ।

কুমু। তোমার অদেষ্টও ক'নে জুটতে পারে ।

দিল্লি। তা কই জুটুক না !

কুমু। যদি স্বীকার পাও তিনি দিনের ভেতর মৃবে, আমি  
তোমার ক'নে হ'তে স্বীকার ।

পুরো। মশাই মশাই, স্বীকার পান, স্বীকার পান, মলেমই বা !  
খুব নাম রেখে বা'বেন ।

নন্দে। আর ম'রতে কোন কেলেশ হবে না, আমি ইলেক্ট্রুক  
ব্যাটারি দে আপনাকে মারবো ।

সর্বে। উঁ আপনার দেখচি ভারি অদৃষ্ট ! আপনার বৈজ্ঞা-  
নিক মৃত্যু হবে !

দিল্লি। তোর সাতগুঁটীর হোক ! ওঠহে ওঠে ।

পুরো। কেন, আপনারা যাচ্ছেন কেন ?

দিল্লি। যাচি মতিজ্বর হ'য়েছে, আর কেন .

সর্বে। সেকি সেকি বধু পদার্পণ করেছেন, কিকিৎ জলযোগ  
করে হেতে হবে ।

দিল্লি। তোরপুর আনন্দ হয়ে পি঱েচে, ব্রাহ্ম তোরপুর আনন্দ  
হয়ে পি঱েচে । বেসব কথা অস্মেষ তিনি তিনি আইন  
খেতে হবে মার্ট্টিন ।

କୁମୁ । ଆପଣି ଆମାଯ ଇନ୍‌ପାଣ୍ଟ କରଛେନ ! ସଦି ନା ବମେନ,  
ଆପନାକେ ଚାବିକେ ଦେବ ।

ଶଶୀ । ଓ ଦିନୁ, ବୋମୋ, ବୋମୋ, ବୋମୋ । ଛୁଟ୍ଟି ସତି ଚାବି-  
କାବେ । ଆଗେ ପାଲାତେ ତୋ ପାଲାତେ, ଓ ମାନୀ ତେଡେ  
ଚାବୁକ ମାରବେ ।

ପୁରୋ । ମଶାଇ ବାଜି ହୋନ, ଆମି ତାଙ୍କଗୀକେ ଡେକେ ପାଠାଇ, ଏକ  
ଦିନେ ତିନ୍‌ଟ ଶୁତ ବିବାହ ସମ୍ପନ୍ନ ହୋକ ।

ଶଶୀ । ନେ ନେ ନମେ କି କରିବି କର, ଆମରା ବ'ମେ ଆଛି । ପୁରୁଷ  
ଠାକୁର ଏକଟା ବେ ସାମନ୍, ଭାରପର କାଳ ଆମାଦେର ବେ  
ଦେବେନ ।

ପୁରୋ । ଆଜିକ ନା କରେନ ଭାଲ । ଏତେ ଜୋର ନେଇ । ଏକଟା  
ନାମ ବେଥେ ମେତେ ପାରନେନ । ବୋମୋ ହେ ନମିରାମ !  
ବିଶେଷରୀ ଏମ, ଲାଗୁ ଏଥି ହାତେ ହାତେ ସଂପେ ଦାଓ, ଆମି  
ଏକଟୁ ବ୍ୟନ୍ତ ଆଛି, କାଳ ଏମେ ନାନ୍ଦିମୁଖ କ'ରବୋ । ନିଦେ !  
ଏ ଶୁଲୋ ଏଥି ମରିଯେ ରାଖ ।

( ଶିଦେର ଅବେଶ ଓ ଝରାଦି ଲଈଯା ପ୍ରହାନ । )

ବଲୋ ଏତଦିନ ଏ ବଡ ଡିଯାର ଆମାର ଛିଲ, ଆଜ ଯେମାର  
ହିଲ ।

( ଭ୍ରତାରିଣୀର ଅବେଶ । )

ତବ । ବିଶେଷରୀ ! ତାଇ, ଆମାର ଆଜି ହୋଇ ଗିରେହେ, ଆମି  
ଏଦେଇ ।

ବିଶେ । ତବେ ଦୀଢ଼ାଓ ହାକ, ଡିଯାର ! ଏଥିମ ହାତେ, ହାତେ  
ଶୌପୋ ନା ! ଆମାର କ୍ରେଷ ଭ୍ରତାରିଣୀ ମାନୀ ଇବେ ।

(নীলকান্তর অবেশ।)

নীল। সর্বেষর বাবু! আমার শ্রান্ত হয়ে গিয়েছে, আমি এসেছি।

ভব। কি তুমি ফ্যান্সী বাজারে গেলে না?

নীল। না, বরষাত্তের নেমস্টৱটা সেরে যাব। তুমি বরের  
নীলেমে গেলে না?

ভব। আমি কল্পাযাত্ত সেরে যাব।

পুরো। আপনারা ছজন বর ক'ণে আন্তে যাবেন না কি?

নীল। আজ্ঞে হ্যাঁ।

নসে। কি মশাইদের বিবাহ কর্বের ইচ্ছে আছে?

ভব। আছে।

নসে। মশাই অনুগ্রহ করে আমার একটা কাজ কর্তে হবে।  
আমার নীলেমে তিনটা লাটের অভাব। এড্ভাটাইজ  
করে ফেলেছি, না বর জোটাতে পারলে বড় অপমান  
হতে হবে, মাঝা, আপনি আর এই ভদ্রলোককে আমার  
এই উপকারটা করতেই হবে।

পুরো। না, আপনি এইখানেই বিবাহ করুন। আপনি আপ-  
নার দ্বিতীয় পরিবারটা ছাড়ুন। আপনি ভবতারিণীকে  
নিন, আপনি কুমুদিনীকে নিন, রাঙ্গচটক হবে।

নসে। তবে আমার বরের কি হবে?

পুরো। ঐ তো তোমার মাঝা আর উনি রাইলেন।

(বিদ্যমানের অবেশ।)

বদিয়। ছিটিধর বাবুকে কুমুদিনী শঁই খিলেজারিতে টেবে টিবে  
গেল, ভানইলে তিনি আস্তেন, কি? বরের দুরকার,  
তা আমি আছি তব কি নসিহাত বাবু?

শশী । ও দিমু, ধরে যে !

দিমু । ধরে ধরক, আমি ও মরিয়া হয়েছি, তুমি ও মরিয়া হও !

শশী । আচ্ছা মরিয়া হলেম ।

পুরো । বেশ বেশ, তবে আপনারা বে করন, আহা রাজচটক  
হবে, রাজচটক হবে !

( শশী ও দিমু ব্যাতীত ) সকলে । বেশ বেশ বেশ ! আপনি  
তবে মন্ত্র পড়ান ।

পুরো । তোমরা আপনা আপনি মন্ত্র পড়ে নাও ।

দিমু । সে কি হয় ! আপনি মন্ত্র পড়ান ।

পুরো । এ বের এই মন্ত্র !

দিমু । এই কথাটা ঠিক বলেছেন !

( সকলের মৃত্যু-গীত । )

কারখানা জমকাল—

এখন চলন হলে খুব ভাল ॥

এই মলো তো এই মলো, বে হলো তো বে হলো,

খুব সোজা ওর বোৰা এ নিলে,

খুব মজা কেৱ বোৰা এ দিলে,

ক্যা জুৎ, ক্যা পুৰুৎ কণে বৱ মজুৎ,

উমেদার বৱ আবার বাঙলা হলো উজ্জলো,

মুখুআলো ॥

## ষষ্ঠি দৃশ্য ।

রাস্তা ।

( ওল্ড ইয়ার নিউ ইয়ার ও হৃষ্মাসের প্রবেশ ও বৃত্ত )  
( সভ্যতার প্রবেশ । )

সভ্যতা ।

গীত ।

তোমু তোমু কাষ্ট' ক্ল্যাস্ নিউইয়ার !  
 তোমুসে কামু চলেগা বেহেতু  
 ওল্ড ইয়ার নো ক্রিয়ার !  
 এ তোমরা কামু,  
 মেরা বাড়েগা নাম,  
 তোমুকো দেগা এনাম;  
 বাড়তে রহো, কাম করতে রহো,  
 বাংলা চায়েন কর, বাংলা মেরি জিয়ার !  
 দেখো কষ্টমাস্ ভেরি মেরি,  
 মেরি ময়বি ভেরি,  
 তোম পিয়ারা মেরা মেরি ল্যাত চেরি !  
 বিয়া বাংলা সুবেদে,  
 খেলো মজেলে,  
 কেকো কেরার, খেল্তে রহো হিয়ার ॥

## সপ্তম দৃশ্য ।

---

**সাতপুরুরের বাগান।**

নীলাম ঘর।

(বিভার (নমে), সেগমাঠোর, রাইটার, জায়ার, বুককিপার, বেহারা,  
বৃক্ষা, ফিলেল ক্রেতাগণ, বিশ্বেষণী, বরগণ ইত্যাদি।)

জ্ঞানার। লাট সাবুটীওয়ান। নিয়ে আৱ, নিয়ে আৱ। ও দাত  
দেখচেন কি? পঁচিশের উৰ্ক্ক বয়স নয়। পা দেখতে  
হবে না, বেশ নাচতে পাৱে, খিয়েটাৱে ক্লাউন সাজতো,  
মাজথানে সিঁতে, গালে ছুল্পি, পাজীৰ পাজী রোজ দু তিন  
ঘা লাধি মাৱ তাতে রাজী। হাওয়া ধেতে নিয়ে ধাৰাৰ  
সাথি আৱ এমন পাবেন না। সিগারেট ধৰিয়ে দেৰে,  
পাইপ টানবে, বে কিন্বি ভাৱে মনিব জান্বে।

১ম জ্ঞী। আট আৱা।

বিভার। গোইঁ, গোইঁ, এইট অ্যানাজ্, এইট অ্যানাজ্।

বৃক্ষা। টেন অ্যানাজ্।

বিভার। বাড়ুন বাড়ুন, দশ আনার এমন মাল্টি বিক্রয়ে  
ঘাচে।

ওৱ জ্ঞী। এগাৱ আনা।

১ম জ্ঞী। ইলেভেন হাক্।

বৃক্ষা। ইলেভেন আনাজ্ প্রি পাই।

বিভার। পৌনে বাৱ আনমৰ ঘাচে পৌনে বাৱ আনার ঘাচে।

ডাকুন ডাকুন, ইলেভেম অ্যানাঙ্গ থি পাই, ইলেভেন্  
অ্যানাঙ্গ থি পাই। ইলেভেন্ অ্যানাঙ্গ থি পাই(বিড়.)  
শাইটার। আপনার নাম কি?

বৃক্ষ। ধনমণি পোদ্দার।

রাই। কুমারী না বিধবা?

বৃক্ষ। সধবা।

রাই। তা বুঝি হাওয়া টাওয়া খাওয়ার মতন নিশেন?

বৃক্ষ। তা বইকি।

রাই। এই টিকিট নিন, ক্যাম্বের টাকা কমা দিনগে, রসিদ  
পাঠিয়ে দেবেন, মাল ডিলিভারি দেব।

বৃক্ষ। দ্বিঢ়াও, আমি আরো মাল কিনবো, একেবারে টাকা  
জমা দেবো। কি জানেন পাটচি আরী আমার মারা  
গিয়েছে, গোটা পাঁচ হাজ কিনে রাখি, ষটা মরে ষটা  
থাকে।

রাই। তা নিন না ষটা নেবেন মালের অঙ্গ কি।

ক্রান্তির। জাট সাবুষ্টী টু। দেতে চাবা, বজ পোবা, কৃত বুকু  
করে খাসা। ছলগাছে জল দেবে, হলের কোঢ়া করবে,  
আর চাবুক বা লাখি জবা মার তা খাবে।

১ম জ্বী। ফাইভ অ্যানাঙ্গ।

বৃক্ষ। টেন অ্যানাঙ্গ।

৩য় জ্বী। ওয়ান রঞ্জি।

বৃক্ষ। টু রঞ্জি, টু রঞ্জি, টু রঞ্জি।

মূর্বা। ওরে মেরো! এই বে বুকী বেটাই মুখ কিন্চেরে!

ওগো ও খদের ! শোনো না, তুমি আমার কিনো, আমি  
বড় থামা বৱ ।

১ম স্ত্রী । দাঢ়াও, তুমি আগে লাটে ওঠো তারপর বিবেচনা ।

যুৱা । দোহাই বাবা ! ও বৃজীবেটী না কিনে নেৱ !

ক্রান্তার । লাট সাবচ্ছী থি । বংশেস আটাশ, থাট্টিবে এটওটা ফাই  
ফরমাস, গান গাবে, হারমোনিয়ম্ শেখাবে, জ্যোত্তো  
জিকেল গার্ডন দেখাবে । আৱ হাই সার্কেলে ইন্টে-  
ডিয়ুস কৰে দেবে ।

বৃক্ষা । টু ক্লপিজ ।

১ম স্ত্রী । থি ক্লপিজ ।

বৃক্ষা । সিক্স ।

বিভার । সিক্স ক্লপিজ, সিক্স ক্লপিজ, দিক্স ক্লপিজ (বিড) !

বৃক্ষা । মেদো ! তুই থাকতে হয় থাক আমি আৱ বৱগিৰি কৱবো না ।

বেংয়াৱা । এই চোপ্প ।

ক্রান্তার । লাট সাবচ্ছী ফোৱ ! দেখ্তে বুড়ো, কিন্তু আটে  
পিটে দড় ! খোঁপা বেঁধে দেবে, সেজ সাজাবে, ছারপোকা  
মারবে, ঘশারি সেলাই কৱবে । আৱ যদি কেউ তক্ষু-  
লাক দেখা কৰ্ত্তে এসে, তখনি সেখান থেকে সৱবে ।

১ম স্ত্রী । টু পাইস ।

৩য় স্ত্রী । থি পাইস ।

১ম স্ত্রী । থি হাপ ।

৩য় স্ত্রী । কোৱ ।

বিভার । গোইং, গোইং কোৱ । কোৱ পাইস, কোৱ পাইস ।  
মাইডিঁহার ! বড় সন্তাদৱে যাচ্ছে তুমই জেকে রাখ ।

বিশে । না মাইডিওর !

বিড়ার । আরে বোঝোনা ; ডেকে রাখ, মালটা লাভে ছাড়তে  
পারবে ।

বিশে । না মাইডিওর ! ও রদি মাল আমি রাখবোনা ।

বিড়ার । তবে বোঝো । ফোর পাইস্ । (বিড)

রাইটার । আপনার নাম ?

৩য় স্ত্রী । মনমোহিনী কুশু ।

রাইটার । সধবা না বিধবা ?

৩য় স্ত্রী । বিধবা ।

রাইটার । ভালই হয়েছে । উনিও তেজ পক্ষের ।

৩য় স্ত্রী । কি ওঁর ছই স্ত্রী মারা গিয়েছে নাকি ?

রাই । মারা কেউ যাই নি । একটা সার্কাস করতে বর্ষায়  
গিয়েছে, আর একটি বেশ বিবাহ করেছে । তবে আর  
বলছি কি, মাল বড় ভাল মাল । আপনি যদি থিয়েটার  
ক'রতে যান ম্যানেজারকে রেকমেন্ড করবে । ক্যাম্পে  
পরসা জমা দিন, রসিদ পাঠাবেন, মাল ডিলিভার দেব ।

ক্রায়ার । লাট্ সাবুটীকাইভ । এটির বয়েশ পাঁচ বছর,  
হইস্কু টানে খুব অবোর, কথা কর হেসে হেসে,  
যে কিন্বে তুলে রেখো গেলাপ কেশে ।

কৃদে বয়—

গীত ।—

হায়টা তায়টা টয়টা টয় ।

কাম্ লেডি কাম্, খাবা বর হ্যাল হ্যাল,  
লাল লালা তারা মারা তারা মারা তারা মারা তারা ।

টেক মাই হ্যাও শুল্ড লেড়ী ফেয়ার,  
 ছয়া ক্যাসা খাশা পেয়ার,  
 লেট আস্ বি জলি, কাম শুল্ড পলি,  
 কিস্মি কুইক নো ডিলিড্যালি,  
 জাল্লালা সা নি ধা পা নি সা সা,  
 তারা রা রা রা তারা রা রা রা ॥

জামার। এ বরের বড় বেশি দর। বড় বেশি দর।  
 পঞ্চাশ টাকা বাঁধা, বিট তার ওপোর। তা দেখুন,  
 আপনারা সব শেয়ারে নিন, এক এক উইক এক  
 এক জন গেলাশ কেশে রেখে দিন।

ফিমেলগণ। লাটে চড়াও, লাটে চড়াও ।

বৃক্ষ। কি, বিড় করবে? পারবে না।

ফিমেলগণ। আমরা শেয়ারে নেব, আমরা শেয়ারে নেব।

বৃক্ষ। আচ্ছা লাটে উঠুক, আমার বিড.সিল্লি কল্পিজ।

ফিমেলগণ হাণ্ডুড।

বৃক্ষ। বড় বেশি দর হলো।

বিডার। গোইং গোইং, হাণ্ডুড, হাণ্ডুড, হাণ্ডুড. (বিড.)

কুদে বর। আমি যাবনা। আমি একে ছেড়ে থাব না।

শুব হইঙ্গী থায়।

এক ফিমেশু। এস যাছ এস! :আমি কেক দেব।

কুদে বর। না, ফাউল রোষ আর হইঙ্গী।

এক ফিমেজ। এই নাও। অমার কেটাংরে বসো গে।

কুদে বর। আর লেগ্ মটোন্।

এক ফিমেল। এই নাও।

কুদে বর। আর ডাইনীং নাইফ, ডাইনীং ফর্ক, কর্ক স্টু।

এক ফিমেল। এই নাও।

কুদে বর। আর টাষ্ট্র্যার গেলাশ।

এক ফিমেল। এই নাও।

কুবে বর। আর মোড়াওয়াটার।

এক ফিমেল। এই নাও।

বুজা। এর বয়েস কত?

যুব-বর। যত হোক না, তোর বাবার কি? খবরদার গায়ে হাত

দিম্ নি। তোর বরগিরীর মুখে মারি বিশ্লাথি!

বেহারা। চোপ্ চোপ।

যুব-বর। চোপ রাও। ওঙ্কো হটায় লেও। হাম কামড়ায়েগা।

বেহারা। আরে চোপ্রাও, চোপ্ রাও।

মুবা বর। আজ খুনোখুনি হব। নেইরহেক্সে! ছোড় দেও  
ছোড়দেও!

[ষষ্ঠ কাণ্ডে করিয়া পসাইন]

বেয়ারাগণ। পাকড়ো, পাকড়ো। (পশ্চাকাবন)

ফিমেলগণ। (গীত।)

খেঁরা মারো অকসানে।

কে জানে আস্তো কে এখানে॥

মালঙ্গলো পালালো, সয় বল কার প্রাণে॥

কুবেবর। মাইভিয়ার ক্ষেপ্টক্যার এই আছি।

କିମେଳଗଣ । ଏହି କଟି, ବଖରାଦାର ଏର ଆବାର ।  
 ବିଡାର । କେ ବିଡାର ? ଆମରା କ୍ରେସ ଲଟ୍ ଏବାର ।  
 ମେଳମାଟ୍ଟାର । ମେଲମାଟ୍ଟାର,  
 ବୁକ୍କିପାର । ବୁକ୍କିପାର,  
 ବେଯାରାର । ବେଯାରାର,  
 ବିଶେ । କେ ଶୋନେ, ରଦ୍ଦିମାଲ କେ କେନେ ।  
 ମହିଳାଗଣ । ଭାରି ଖେଦ, ଛେଲ ଜେଦ,  
 ପାଚଟା ଲାଟ୍ ବିଟ ଦେବୋ ମାଲ ନେବୋ,  
 ସାଙ୍ଗିଯେ ରାଖବୋ ବାଗାନେ ।  
 କେଟିନେ ନିଯେ ଯାବ ମୟଦାନେ ॥

## ଅଷ୍ଟମ ଦୃଶ୍ୟ ।

ରାତ୍ରି ।

କୁମ୍ଭାମ୍ବ ଓ କୁଇୟାର ନିଉଇୟାର । ବଡ଼ାନିମେର ଖେଳ ।

## নবম দৃশ্য।

—————  
ঢীঢ়ি খতু ।

( নায়ক-নায়িকার গীত । )

টলে লালরবি, টলে লাল রবি ।

লাল তোমারি বদন ছবি ॥

লাল আভা নয়নে, গগনে লাল মেঘদল,

রবি টলে, টলে টলে জলে ;

চাহি ফটিকজল চাতক কাতর,

থাকি থাকি পাখী সকলুণ বোলে,

দে জলদে কত নিদয় হবি !

পাখী কহিছে ছলে,

চাহ ফটিক জল দারুণ ভৱা কেন সহ ;

চ্যত লতিকাদল ধীর সমীরে দোলে,

ডাকি কহে পাখী ছলে,—

পিও পিও বারি ঘোহন ঘোহিনৌ,

হেৱ ঘোহিনৌ মাধুরী মাধৰী ॥

( রমধার রমধারীর রব । )

—————

বর্ষা ঋতু ।

( নাগক-নাগিকার গীত । )

গভীর মেঘদল গরজে ।  
 বাজে বাজে প্রাণে, থেকনা থেকনা,  
 থেকনা থেকনা দূরে,  
 চাহি ছমিতে মুখ সরোজে ॥  
 চমকি চাকিচুকি, চমকি চমকি লুকি  
 চপলা, মন উতপ্তা,  
 নীরব ঢালিছে ধারা তর তর ঝর ঝর,  
 চমকি শিহরি ঘন, নয়ন নৌর ধারা নেহার,  
 কাতর কুলিস কঠোর কত বাজে ।  
 বাজে বাজে, না জ্ঞেনে না বুঝে তোরি প্রেমে মজে ॥

( রঞ্জনাৰ-রঞ্জনাৰণীৱ-রঞ্জ । )

শরৎ ঋতু ।

নাগক-নাগিকার গীত ।

মেঘে আৱ চাঁদ ঢাকে না ।  
 বদন খানি আৱ ঢেকনা ॥

চাও হে চাও দেখি আঁধি,  
 ফুটসো কলি ঐ দেখন। ॥  
 সোহাগে কইছে কথা তরংতা,  
 কেন ব্যথা দাও বলন। ॥  
 ছলনা আৱ কোৱনা,  
 রাগেৱ ভৱে আৱ ধেকনা। ॥  
 কোৱনা পৱ কোৱনা,  
 সাধেৱ শৱত বাদ সেধনা। ॥  
 হাসবে কমল হেৱে হাসি,  
 শশিৱ হাসিৱ মান রেখনা। ॥

( বঙ্গদার বঙ্গদারীৰ বঙ্গ। )

### হেমন্ত খতু।

নাহক-নাহিকাৰ গীত।

তোৱি আশে।  
 হেৱ বেশভূবা পৱি দাঢ়াৱে রয়েছে উৰা,  
 হেৱিতে সাধ তব পঞ্জিত অথৱে,  
 আৰৱে এখন দাঢ়াৱে উৰা তোৱি তৱে,  
 তোৱি আশে।  
 থাণ মন মন আশে-বিলাসে, তালো তালো।

নীহার হার পরিঃ, বার ঝার তর-  
 ঝরিছে মুক্তা পাঁতি,  
 রঞ্জিত কুমুমিত রমিত মোহিত বনরাঙ্গি ;  
 হেমন্ত হিঙ্গোলে, হেমশির্ষ দোলে,  
 আনন্দে তরঙ্গ মালা,  
 হেলা দোলা, অঙ্গ তরঙ্গিত,  
 হেরিতে পিয়াস বিভোলা ;  
 কপোত কপতী কত সোহাগে কহিছে কথা,  
 ব্যাকুল খেণ্টিতে ভাসিতে সমিরে,  
 হেমকিরণ মাখি সাঙ্গি ;  
 পাখী জাগে,  
 মাতি তরুণ রাগে গাইছে,  
 পবন কাকলি বহে,  
 গায়িছে পাখী অনুরাগে ;  
 হৃদয়ে তোমারে ধরি,  
 বৰন রাগ হেরি,  
 শৰনে নয়ন অভিলাষে ॥

( রঞ্জনার বঙ্গদারণীর রচন । )

## শীত ঋতু।

নায়ক-নায়িকার গীত।

হের ধূসর দিশ।।

ধূসর ধূমরাশি নিবিড় কুয়াশা —

আদরে করিছে মানা,

যেওনা যেওনা নিশা,

যুবক যুবতী সাধ রহিল,

রহিল তোমারি বিদ্যুমুখ সুধা পান তৃষ্ণ।।

বরিষা ইরিষা করি ধূসর রেণু কত উড়িছে ঝরিছে,

কিশোর অরুণ কর বারিছে ;

গোহিত সিত পীত তরে তরে ফুল কলি,

তারকা মেধ ঢাক।;

ন। হেরি উষা ব্যাকুল পাথী,

শাখা শীরে বসি রহি রহি বোলে,

চুয়ত মুকুল দোলে কিরণ চুম্বন আশ।।

চঞ্চল চিত মম নয়ন কিরণ তব চুম্বিতে পিপাস।।

( রঞ্জন রঞ্জনীর রচ। )

---

ବସନ୍ତ ଖାତୁ ।

---

ନାୟକ-ନାୟିକାର ଗୀତ ।

ସ୍ଵରେ ତୋର ମନ ଯେତେହେ କୋକିଲେ ଏହି କୁହରେ ।

ଗାଁଦା ଗୋଲାପ ହାର ଗେଁଥେହେ,

ଚେଯେ ଆଛେ ତୋର ଅଧରେ ॥

କିଶଲୟ କାପିଯେ ମଳୟ,

ତୋର କଥା କଯ ଆମୋଦ ଭରେ,

ବସ ଧିରେ ସୌରଭ ବୟେ,

ଗା ଛୁଁଷେ ତୋର ସାଯ ଆଦରେ ॥

ଗୁଞ୍ଜରେ ଏହି ଭରମା ଫୁଲେ ଟଳେ ଧାୟ ବିଭୋରେ,

ଚାଯ ତୋରେ ମନ ବିଭୋରା,

ଅଁଥି ବିଭୋର ହେରେ ତୋରେ ॥

(ରମ୍ବଦାର-ରମ୍ବଦାରଶୀର ରଙ୍ଗ ।)

---

## দশম দৃশ্য ।

## পঞ্চশালা ।

কিপার কিপারেন্ অভূতি গীত ।

সকলে । তামাসা চল্লতা হায় বহুৎ উম্মা ।

হোগা কায়দা, দেখে। হি'য়া ক্যাসা জুদা কায়দা ॥

পু-গণ । জানি মন্তি ছয়া,

ঙ্গীগণ । কেত্তা কুন্তী কিরা,

সকলে । টুঁপেজ প্যারালেজ বারমে ক্যা কহে তুমে,

উল্টি পাল্টি লট্ট লুটি তব ছুটি,

ঙ্গীগণ । উনে কিরা খায়া,

পু-গণ । জানি না হায়রাণ ভয়া,

ঙ্গীগণ । যেসা সেইয়া পেয়ারা,

পু-গণ । পিয়ারি যেসি জানি যেয়া,

সকলে । খেলে গা জানোয়ার মাহি মরদা ।

কিপার । আমাদের প্রথম তামাসা—সংস্কারক হৃষ ও গাড়ী ।

( হৃষ ও গাড়ী লইয়া বেহারার অব্দেশ । )

গুঁজী ! মাইডিয়ার বুল ! তুমি আর ঘাস খেওনা ।

হৃষ । মাইডিয়ার কাউ ! তুমি আর হৃৎ দিওনা ।

গাড়ী ! না হৃৎ দেব না, তুমি বল ঘাস খাবে না ।

বৃষ। না।

গাভী। প্রতিজ্ঞে ?

বৃষ। প্রতিজ্ঞে।

গাভী। এসো সেক্ষণে করি। মাইডিয়ার বুল ! তুমি উলঙ্ঘ  
ষাঁড় দেখলে গুঁতিও।

বৃষ। মাইডিয়ার কাট ! তুমিও উলঙ্ঘ গাভী দেখলে  
গুঁতিও।

গাভী। প্রতিজ্ঞে ?

বৃষ। প্রতিজ্ঞে।

গাভী। এস সেক্ষণে করি। মাই ডিয়ার বুল ! জবাই  
হইও, অম্নি মরনা।

বৃষ। মাইডিয়ার কাট ! তুমিও জবাই হইও অম্নি মরো  
না।

গাভী। না।

বৃষ। প্রতিজ্ঞে।

বৃষ। প্রতিজ্ঞে।

গাভী। এস সেক্ষণে করি। মাইডিয়ার বুল ! এখন ত'মলে  
আর কি করবে ?

বৃষ। মাইডিয়ার কাট ! তুমিও তো মলে আর কি করবে ?

গাভী। তাই তো !

বৃষ। তাই তো !

গাভী। প্রতিজ্ঞে ?

বৃষ। প্রতিজ্ঞে।

(উভয়ের গীত।)

রিকর্ষার আনন্দ হজনে ।  
 হজনে প্রথমে দেখা ময়দানে ॥  
 তর্ক প্রথম অব্সিনিটি নে,  
 তার পর কোট-নিপ করে বে,  
 তার পর শুলে প্রতিজ্ঞে,  
 শুলেন তো শুণ, এখন মানুন না মানুন,  
 যত দাঁড় আছে আর গুরু আছে,  
 আমাদের খুবজানে, খুবমানে ॥

কিপার। অংমাদের বিতীয় তামাদা—অধ্যাপক গদ্ভ।

(গদ্ভ মহারাজা বেঙ্গলির প্রবেশ।)

গদ্ভ ! আমার এমন স্বাক্ষী গড়ন ছিলনা । মাগাটা গোল, মৃৎ<sup>১</sup>  
 খানা চে প্রটা, দুপায়ে ইঁটুম, গায়ে মাছি দম্বলে একটা  
 লেজ নেই যে তাড়াটি ।

কিপার। আচ্ছা তবে এমন রুঠাম চেহারা হলো কিমে ?  
 গদ্ভ। ছেলে বয়সে এক বোকা দই মাঘার চাপালে, মাগাটা  
 চেপ্টে গেল। চড়িয়ে মৃৎ লম্বা করলে । তার পর  
 পিটের ওপর দু ছালা বই দিতেই তমড়ি থেয়ে পড়লুম,  
 চার পায়ে ইঁটুতে শিগ্নুম । কান্তুটা টেনে টেনে  
 লম্বা হলো, আর লেজ বেকলো আপ্নি ।

কিপার। ডাকতে শিখলে কি করে ?

গদ্ভ। ও লেজও বেকলো ডাকও খোল ।

কিপার। এখন কি করবে ?

গৰ্দত। ট্ৰেনিংস্কুল।

কিপার। তাৰ পৱ ?

গৰ্দ। ঘাৱা ভঙ্গি হবে তাৱা ঠিক আমাৰ মতন হয়ে বেকৰবে।

কিপার। তাৱা কি কৰবে ?

গৰ্দ। ঘাস থাবে, ধোপাৰ বোৰা বইবে, আৱ বেয়াড়া ডাক  
ডাকবে।

গৰ্দত।

গীত।

কে আস্বে আমাৰ স্কুলে।

যাবে তিন দিনে তাৱ লেজ ঝুলে॥

আমাৰ এমনি কসে টান্,

একটানে তাৱ লম্বা হবে কান্

চল্বে চারটি-খুৱে,

গলাবাজী কৰবে জোৱে,

ফুলে ফুলে ঘাড় তুলে॥

কিপার। আমাদেৱ তৃতীয় তামাদা—শ্বার্ত বানৱ বানৱি।

( বানৱ বানৱী নইয়া বেহাৱাৰ প্ৰবেশ। )

বানৱি। প্ৰত্যেক বানৱ ও বানৱি কি মাঝৰেৱ অহুকৰণ  
কৰিতে বাধ্য ?

বানৱ। বাধ্য। কাৰণ বিজ্ঞান মতে তাৱা স্বজ্ঞাত।

বানরি । চুরি করতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । বড় বানরের লেজ ধরতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । ঝগড়া করতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । দাত খিঁচতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । আঁচড়াতে কামড়াতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । বানরকে লাগি মারিতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । ডাইভোস' অর্ণাং ফারথৎ করিতে বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । এখনি বাধ্য ?

বানর । বাধ্য ।

বানরি । তবে যাও ।

বানর । আচ্ছা চলুম, দেখি এমন বাদুর কোথা পাও ।

বানরি । আরে নাও নাও, তোমার মতন ধাঢ়ী বাদুর গশা  
গশা। যে দিকে চাও, দেখে নাও, আমি দেখবে।  
কোথা বাদুরি পাও ।

বাদুর । অভাব কি ? রাস্তায় ঘাটে মাঠে—

বানরি । তবে ডাইভোস' ?

বানর । ডাইভোস' ।

উভয়ে গীত।

ছুজনে ছিলাম রেতে ছড়ালে ।

হোলো শুভ দৃষ্টি সকালে ॥

ছপুর বেলা এক ডালে বসে,

সুজ্জনে পাতা ঠুসেছি ক'সে,

কিচি কিচি ছপুর থেকে

ফারথৎ হলো বিকেলে ॥

কিপার। আমাদের চতুর্থ তামাসা—ভলেন্টীয়ার তেড়া।

( ভেড়া লইয়া বেহারার প্রবেশ । )

কিপার। তুমি লড়বে ?

ভ্যাড়া। লড়বো ।

কিপার। কার সঙ্গে ?

ভ্যাড়া। কাক সঙ্গে না, আপনা আপনি ।

কিপার। ঘোড়া চড়বে ?

ভ্যাড়া। চ'ড়বো ।

কিপার। কি ঘোড়া ?

ভ্যাড়া। কাটের ঘোড়া ।

কিপার। বলুক ছুড়বে ?

ভ্যাড়া। ছুড়বো ।

কিপার। কি করে ?

ভ্যাড়া। চোক বুজে ।

কিপার। ঘোড়াথেকে পড়বে ?

ভ্যাড়া। পড়বো।

কিপার। কথন ?

ভ্যাড়া। বন্দুক ছুড়বো যখন।

কিপার। যদি কেউ লড়াই করতে এসে ?

ভ্যাড়া। তা আমার কি ? দৌড় মারবো ক'সে !

কিপার। তোমার মত ভ্যাড়া ভলেন্টীয়ার কটী আছে ?

ভ্যাড়া। এক পাণ ভ্যাড়া, এম্বিং সিং মোচড়া, এম্বিং রোকে  
এম্বিং তাল ঠোকে, যদি কাক সাড়া পায়, এম্বিং  
চার পা তুলে পালায়।

কিপার। দাঁড়াও দাঁড়াও, একটি গান গাও।

ভ্যাড়া।

গীত।

শেম শেম, কাউয়ার্ড নেম,  
রাখ্বো না আর ভ্যাড়ার পাল।

তোষ দান বাঁধা বন্দুক কাঁধ,  
ভারি মিলিটারি চাল ॥

রাগে ফাটি, বাটি বাটি আমানি খাই সাঁজ সকাল ॥

লড়তে এলে বন্দুক ফেলে চার পা তুলে  
পেরহি খাল ॥

হ্ৰদম্ হ্ৰদম্ রেগেলাল, পুৱ ছাল ॥

কিপার। আমাদের পঞ্চম তামাসা—হাড়গিলে কমিসনার।

(হাড়গিলে লইয়া বেহরার প্রবেশ।)

কিপার। যখন এসেছ পরিচয় দাও, তুমি হেথায় কেন?  
 হাড়গিলে। আমায় চেন? আমায় জান? আমি হাড়গিলে।  
 কিপার। নামটি কোথা পেলে?  
 হাড়গিলে। সাম্বেদের এঁটো হাড় গিলে গিলে।  
 কিপার। কোথায় থাক?  
 হাড়গিলে। টেক্কর বিলে।  
 কিপার। কেন এয়েছো?  
 হাড়গিলে। কমিসনার হব বলে।  
 কিপার। তা হেতায় এয়েছ কি কৰতে?  
 হাড়গিলে। ভোট নিতে।  
 কিপার। কমিসনার হোৱে কি কৰবে?  
 হাড়গিলে। দেখছো হটো টোটু?  
 কিপার। দেখছি।  
 হাড়গিলে। শুনেছ খাই এটো হাড়?  
 কিপার। শুনেছি।  
 হাড়গিলে। এখন রেয়েতের হাড় মাস থাবো।  
 কিপার। তা পারো পারো!  
 হাড়গিলে গৌত।  
 আজ ভোট দিয়ে কাল ওপারে যেও উঠে।  
 বাজাবো চেঁটে চেঁটে, নেব লুটে পুটে॥  
 মলি ভালোয় ভালোয়,  
 পালা ও আলোয় আলোয়,

নইলে মুক্তিল, রেজ বস্বে শীল,  
চাটী ভিটে মাটি, থাক্বেনা ঘটী বাটী,  
পালাতে হবে ছুটে, এক ছুটে ॥

কিপার। আমাদের ষষ্ঠি তামাসা—পুজিরি ভানুক ও যজমানি  
ভানুকী।

(ভানুক ভনুকী লইয়া বেহারার অবেশ।)

ভানুকী। ইস, তুমি ভারি টলছো !

ভানুক। তুমি যে গাবা গাবা মোউও খাইয়েছ, তাতে মেশা  
হয়েছে !

ভানুকী। নৈবিদ্যি কর'বো কোন ঠাকুরের ?

ভানুক। তা বলতে পারিনি, নৈবিদ্যি সাজাও !

ভানুকী। পূজা হবে কার ?

ভানুক। তা বলতে পারিনি, ফুল দাও !

ভানুকী। মন্ত্র পড়ছো কি ?

ভানুক। তা বলতে পারিনি তুমি শঁক বাজাও !

ভানুকী। কেন পূজো করছো ?

ভানুক। তা বলতে পারিনি আমায় ধৰ।

ভানুকী। কেন ধৰবো কেন ?

ভানুক। তা বলতে পারিনি, একটু শোবো ।

ভানুকী। তবে মরো ।

ভানুক। তা বলতে পারিনে, স্বুমবো ।

ଭାଲୁକୀ । ସଜମାନ ବାଡ଼ି ଯାବେ ନା ?

ଭାଲୁକ । ତା ବଲ୍ଲତେ ପାରିନି, ଡୋରା ଟାନ୍ବୋ ।

ଭାଲୁକୀ । ପୋଡ଼ାର ମୁଖୋ ! ହଥାବା ମୌଗ ଥେବେ ଚେଷ୍ଟା ମାରବି ।

ଭାଲୁକ । ତା ବଲ୍ଲତେ ପାରିନି, କୁଣ୍ଡି ଲଡ଼୍ବୋ !

ଭାଲୁକୀ । କୁଣ୍ଡି ଲଡ଼ବି କାର ସଙ୍ଗେ ?

ଭାଲୁକ । ତା ବଲ୍ଲତେ ପାରିନି, ନାଚ୍ବୋ ।

ଭାଲୁକୀ । ନାଚ୍ବି କାର ସଙ୍ଗେ ?

ଭାଲୁକ । ତା ବଲ୍ଲତେ ପାରି,—ତୋମାର ସଙ୍ଗେ, ତୋମାର ସଙ୍ଗେ,  
ତୋମାର ସଙ୍ଗେ ।

ଉଭୟେ ଶୀତ ।

ନାଚି ଠୁମ୍କି ଠୁମ୍କି ନାଚି ଠୁମ୍କି ଠୁମ୍କି ।

ଆମରା ଚାନ୍ଦମୁଖୋ ଆର ଚାନ୍ଦମୁଖୀ ॥

ପିରିତ ମାଖମାଥି, ଛଜନେ ମେତେ ଥାକି,

ଭୁରେ ଧୁଁକୀ, ଆର ମୌଗ ଚାକି,

ପିରିତ ବାଧିଲୋ ସଖନ ଆମରା ଧୋକା ଖୁକୀ ॥

ତୋରେ ହାଓଯା ଥେତେ, ପିରିତ ବାଧିଲୋ ପଥେ,

ଏଥନ ଜାନାଜାନି ଛିଲା ଝୁକୋ ଲୁକୀ ।





